



বাংলাদেশ জাতীয়চার্চাদী দল

কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপটন, ভি আই পি রোড, ঢাকা-১০০০ | ফোনঃ ৯৭৬১০৬৪ ফ্যাক্সঃ ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয়ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২ | ফোনঃ ৯৮৮৩৮৬২ ফ্যাক্সঃ ৯৮৮৩৮৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ : ২৪ অক্টোবর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

বাংলাদেশ সংবাদ সংস্থা-বাসস এর প্রধান প্রতিবেদক ও ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ)-এর সাবেক সভাপতি মুরসালিন নোমানী'র মাতা তহরা বেগম তৃষ্ণি বার্ধক্যজনিত কারণে গতরাতে ইন্তেকাল করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর। তহরা বেগম তৃষ্ণি'র মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “তহরা বেগম তৃষ্ণি'র মৃত্যুতে তার পরিবার-পরিজনদের মতো আমিও গভীরভাবে সমব্যাধি। তিনি বিশিষ্ট শিক্ষানুরাগী ও রত্নগর্ভা মাতা হিসেবে এলাকায় সকলের নিকট শ্রদ্ধাভাজন ছিলেন। এছাড়া যশোরের চৌগাছা উপজেলার সিংহবুলি ইউনিয়ন পরিষদের সদস্য (সংরক্ষিত মহিলা আসন) হিসেবে একাধিকবার দায়িত্ব পালন করেন। তিনি ধর্মপরায়ণ ও পরোপকারী নারী হিসেবেও এলাকায় সুপরিচিত ছিলেন। দোয়া করি-মহান রাকুল আলামিন যেন তাকে জান্নাত নসিব এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাহত পরিবার-পরিজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

(এ্যাড. মোঃ তাইফুল ইসলাম টিপু)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়চার্চাদী দল-বিএনপি।